

## সমবায়ের সাফল্য গাঁথা

সুনামগঞ্জ জেলাধীন শান্তিগঞ্জ উপজেলার জয়কলস ইউনিয়নের দুইটি গ্রাম ইনাতনগর ও আসামপুর। এই গ্রামগুলি দেখার হাওরের পাড়ে এবং বেশীর ভাগ মানুষ দরিদ্র মৎস্যজীবি শ্রেণীর। যাদের জীবন জীবিকার মূল উৎস ছিল প্রাকৃতিক জলাশয় থেকে মৎস্য আহরণ। তারা ছিল সমাজে অবহিলিত ও বৈষম্যের শিকার। বৈষম্য ও দারিদ্র থেকে এই জনবসতির মুক্তির লক্ষ্যে গ্রামের কতিপয় উদ্যোগি লোক মৎস্যজীবি সমবায় সমিতি গঠনের দৃঢ় প্রত্যয়ী সিদ্ধান্ত নেন। সেই লক্ষ্যে তারা স্থানীয় মৎস্যজীবীদেরকে সমবায় দর্শনে উদ্বুদ্ধ ও সংগঠিত করে তাদের জীবনযাত্রার মান ও আর্থ-সামাজিক উন্নয়নের রক্ষ্য ২০১৬ সালে ২৪ জন মৎস্যজীবীদের সমন্বয়ে ইনাতনগর আসামপুর মৎস্যজীবি সমবায় সমিতির লিঃ নামে একটি সমবায় সমিতি গঠন করেন যা সমবায় বিভাগ হতে নিবন্ধন নং নিবন্ধন নং-০৫৩/১৬(সুনাম), তারিখঃ-২৭/৯/২০১৬ খ্রিঃ মূলে নিবন্ধিত হয়।

**সমিতির নিবন্ধিত ঠিকানাঃ-** গ্রামঃ-আসামপুর, ডাকঃ-পাগলা বাজার, ইউ/পিঃ-জয়কলস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। এই সমিতির বর্তমান কর্ম এলাকা সমগ্র শান্তিগঞ্জ জেলার ও সভ্য নির্বাচনী এলাকা সমগ্র ইনাতনগর, আসামপুর, রায়পুর, ইসলামপুর ও চন্দ্রপুর গ্রামের প্রকৃত মৎস্যজীবীদের মধ্যে সীমাবদ্ধ।

**সমিতির লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

১. সমিতির সদস্যদের সমবায় নীতি ও আদর্শ শিক্ষা দেওয়া, তাদের মধ্যে সহযোগিতা ও সমঝোতার মনোভাব গড়ে তোলা এবং পরিকল্পিতভাবে উন্নত জীবন যাপনের জন্য ঐক্যবদ্ধ প্রচেষ্টা গ্রহণের উদ্বুদ্ধ করা।
২. সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থা ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে আয় বৃদ্ধির জন্য উদ্বুদ্ধ করা।
৩. সদস্যদের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয়ী মনোভাব ও অভ্যাস গড়ে তোলা।
৪. সদস্যদের মৎস্য সংরক্ষন আইন, বন্যাজনিত পানি সংরক্ষন আইন, পরিবেশ ও বন সংরক্ষন আইন মেনে ও প্রয়োগে উদ্বুদ্ধ করা।
৫. মাছ ও অন্যান্য জলজ প্রাণী ও উদ্ভিদের বংশ বৃদ্ধি এবং শুল্ক মৌসুমে এদের জন্য মৌসুমী অভয়াশ্রম প্রতিষ্ঠা করা।
৬. সরকারী বা বেসরকারী জলমহাল ইজার নিয়ে বা অন্যকোন উপায়ে মাছ চাষ করা।
৭. মাছ চাষ, ধরা ও সংশ্লিষ্ট অন্যান্য পণ্যের উৎপাদন, মানবৃদ্ধিসহ সংরক্ষণ, প্রক্রিয়াজাত করা এবং বাজারজাত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

সমিতির বর্তমান আর্থিক অবস্থাঃ ২০২১-২০২২ সনের অডিট প্রতিবেদন অনুযায়ী সমিতির কার্যকরী মূলধন-১,৬২,৩৭,৮৯৫/- টাকা

**উন্নয়ন কর্মকান্ডঃ-**

সমিতির নামে বড়দৈ কাষ্টগঞ্জা জলমহাল ইজারা নিয়ে মৎস্য সম্পদ উন্নয়ন সাধন করে। সমবায়ের মাধ্যমে জলমহালটির মাটি খনন, বৃক্ষ, মাছের উৎপাদন বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টি করে। সমিতির সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধনকল্পে সমিতির প্রচেষ্টা অব্যাহত আছে।

লভ্যাংশ বন্টনঃ ২০২১-২০২২ অর্থ বছরে সমিতিটি সদস্যদের মধ্যে ৪,০০,০০০/- টাকা লভ্যাংশ বিতরণ করে।

## স্বীকৃতিঃ

মৎস্যসম্পদ উন্নয়ন ও সদস্যদের আর্থসামাজিক উন্নয়নের অবদান স্বরূপ ২০২১ সালে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ মনোনীত হয় এবং জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনীত করে প্রেরণ করা হয়।

(মোহাম্মদ মাসুদ আহমদ)  
উপজেলা সমবায় অফিসার  
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ